# লিভারপুলের হার, টানা তৃতীয় জয় ম্যানচেস্টার ইউনাইটেডের



সংগৃহীত ছবি

ইংলিশ প্রিমিয়ার লিগে উল্টে গেল ভাগ্যের চাকা—আর্নে স্লটের লিভারপুল যেখানে হারের তিক্ত স্বাদ পেল, সেখানে টানা তৃতীয় জয় তুলে নিয়ে আত্মবিশ্বাস ফিরে পেয়েছে ম্যানচেস্টার ইউনাইটেড।

লিভারপুলের জন্য দিনটা শুরু থেকেই ভালো যাচ্ছিল না। ঘরের মাঠে বল দখলে এগিয়ে থাকলেও আক্রমণে পিছিয়ে পড়ে তারা। ম্যাচের পঞ্চম মিনিটেই ব্রেন্টফোর্ডকে এগিয়ে দেন ড্যাঙ্গো। প্রথমার্ধের শেষ মুহূর্তে ব্যবধান দ্বিগুণ করেন শ্যাডা, ফলে বিরতিতে ২–০ ব্যবধানে পিছিয়ে যায় লিভারপুল।

প্রথমার্ধের যোগ করা সময়ের পঞ্চম মিনিটে কেরকেজ একটি গোল শোধ করে আশা জাগালেও ৬০ মিনিটে পরিস্থিতি আরও জটিল হয়ে যায়। ফন ডাইক ডি-বক্সে ড্যাঙ্গোকে ফাউল করলে ভিএআরের পর রেফারি পেনাল্টির নির্দেশ দেন। সেখান থেকে ইগর থিয়াগো গোল করে স্কোরলাইন করেন ৩–১। শেষ দিকে ৮৯ মিনিটে মোহাম্মদ সালাহর গোল ম্যাচে উত্তেজনা ফেরালেও লিভারপুল হার এড়াতে ব্যর্থ হয়।

LENS ASIA

অন্যদিকে, জয়রথে ফিরেছে ম্যানচেস্টার ইউনাইটেড। ম্যাচের ২৪ মিনিটে কুনিয়ার গোলে লিড নেয় রেড ডেভিলরা। ৩৪ মিনিটে ক্যাসেমিরোর শক্তিশালী শট প্রতিপক্ষের ডিফেন্ডারের গায়ে লেগে দিক পাল্টে জালে জড়ালে ২–০ তে এগিয়ে যায় ইউনাইটেড।

দ্বিতীয়ার্ধে ব্রাইটন জেগে ওঠে। ৬১ মিনিটে এমবেউমো গোল করে ব্যবধান কমান, কিছুক্ষণ পর ওয়েলবেকের গোলে ম্যাচে ফেরে সমতা। শেষ দিকে কস্তোউলাসের গোলে পয়েন্ট হারানোর আশঙ্কা দেখা দিলেও, এমবেউমোর দ্বিতীয় গোলেই সব শঙ্কা উড়িয়ে ৪–২ ব্যবধানে জয় তুলে নেয় ম্যানচেস্টার ইউনাইটেড।

এই জয়ের ফলে ইউনাইটেড লিগ টেবিলে নিজেদের অবস্থান আরও মজবুত করেছে, অন্যদিকে লিভারপুলের হারের ধাক্কায় টপ ফোরের লড়াই নতুন করে জমে উঠেছে।